# সরকারি শামসুর রহমান কলেজ

**নির্বাচনী পরীক্ষা - ২০২১**

**একাদশ শ্রেণি - (ব্যবসায় ব্যবস্থাপনা)**

**বিষয় ঃ বাংলা - ১**

**বিষয় কোড ঃ ১৮১১**

**সময় ঃ ৩ ঘণ্টা** **পূর্ণমান ঃ ৬০**

**ক- বিভাগ - গদ্য : (মান - ১০×১ = ১০)**

**যে কোন একটি প্রশ্নের উত্তর দাও**

১। মওদুদ একজন ব্যাংক কর্মকর্তা। সারাদিন সে অফিসের কাজকর্ম নিয়ে ব্যস্ত থাকে। চাকরির ব্যস্ততায় তার গ্রামের বাড়িতে তেমন আসার সুযোগ হয় না। তবে ঈদের ছুটি, পূজার ছুটিতে যখন নিজ গ্রামে আসে, গরীব-দুঃখী মানুষের খোঁজ খবর নেন; সেবা যত্ন করে। নিজের সংসারের হাত খরচের টাকা থেকে বাঁচানো টাকায় গ্রামের হতদরিদ্র অসুস্থ মানুষদের চিকিৎসার জন্য অর্থ সাহায্য করে। এমনকি দুস্থদের কেউ মৃত্যুবরণ করলে সে কাফনের কাপড় পর্যন্ত কিনে দেয়। গ্রামের সবাই তাকে পছন্দ করে এবং ভালোবাসে।

ক. বুড়ির স্বামীর নাম কী ? ১

খ. পৈতৃক বাড়ি যা ছিল ভেঙে চুরে ভিটিতে জঙ্গল গজিয়েছে।' ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের মওদুদের সাথে 'আহ্বান' গল্পের কোন চরিত্রের সাথে সাদৃশ্য রয়েছে ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের মওদুদকে গ্রামের সবাই পছন্দ করে ও ভালোবাসে, 'আহ্বান' গল্পে গোপালের ক্ষেত্রেও একথা সমভাবে প্রযোজ্য- উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

২। মুক্তিযুদ্ধ চলাকালে একটি ছাত্রাবাস থেকে মিলিটারিরা সাজ্জাদকে তুলে নিয়ে যায়। অমানবিক নির্যাতন চালিয়ে তারা তার পিতার সন্ধান চায়। ক্ষত-বিক্ষত হয়েও সাজ্জাদ নীরব থাকে। মনে পড়ে বাবার শেষ উপদেশ, "জীবনের চেয়ে দেশ অনেক বড়।" নিজেকে একজন দেশপ্রেমী মুক্তিযোদ্ধার সন্তান মনে করায় তার বুক ফুলে ওঠে।

ক. "সেই চোখ ভরা ভয়, কেবল ভয়"— 'রেইনকোট' গল্পে কোন চোখের কথা বলা হয়েছে? ১

খ. "ড্রেসিং টেবিলের সামনে দাঁড়িয়ে নিজের নতুনরূপে সে ভ্যাবাচ্যাকা খায়।"- কে, কেন ভ্যাবাচ্যাকা খায়? ২

গ. উদ্দীপকের সাজ্জাদ রেইনকোট' গল্পের কোন চরিত্রের সাথে তুলনীয়? তুলনার যৌক্তিকতা তুলে ধরো। ৩

ঘ. সাজ্জাদের চেতনা 'রেইনকোট গল্পের মূলভাবকে কতখানি ধারণ করে বলে তুমি মনে করো? তোমার মতের পক্ষে যুক্তি উপস্থাপন করো। ৪

**খ-বিভাগ - পদ্য : (মান - ১০×১ = ১০)**

**যে কোন একটি প্রশ্নের উত্তর দাও**

৩। মাদার তেরেসা অকৃত্রিম মাতৃস্নেহের আধার ছিলেন। আলবেনিয়ান বংশোদ্ভূত হয়েও তিনি তার কাজের জন্ম সারা পৃথিবীতে স্মরণীয় হয়ে আছেন। ১৯৫০ সালে তিনি কলকাতায় মিশনারিজ অব চ্যারিটি নামে একটি সেবা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করেন। পরবর্তীকালে এই চ্যারিটি হোম সমগ্র পৃথিবীর দরিদ্র, অসুস্থ, অনাথ ও মৃত্যুপথযাত্রী মানুষের জন্য কাজ করে। এই কাজের জন্য ১৯৭৯ সালে তাকে নোবেল শান্তি পুরস্কার প্রদান করা হয়। সেই পুরস্কারের সমস্ত অর্থ তিনি সেবার কাজে ব্যয় করেন। ১৯৯৭ সালে তিনি মৃত্যুবরণ করেন। কিন্তু পৃথিবীর মানুষ আজও তার নাম শ্রদ্ধাভরে স্মরণ করে।

ক. বাংলা কত তারিখে রবীন্দ্রনাথ ঠাকুর জন্ম গ্রহণ করেন? ১

খ. 'বাঁকা জল' বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. "সোনার তরী" কবিতার কোন বিষয়টি মাদার তেরেসার জীবনের সঙ্গে সংগতিপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'মাদার তেরেসার জীবন পরিণতিই "সোনার তরী" কবিতার মূল উপজীব্য- মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৪। একুশের বইমেলায় প্রতিবছর সবুজ সাহেবের কবিতার নতুন বই প্রকাশিত হয়। এ বছর তা হয়নি। গত ঈদে গ্রামের বাড়ির পুকুরে সবুজ সাহেবের একমাত্র পুত্র ফয়সাল মারা যান। কবি পুত্রশোকে শোকগ্রস্থ। বইমেলা উপলক্ষ্যে নতুন বই প্রকাশে কয়েকজন প্রকাশক কবি সবুজ সাহেবের কাছে পাণ্ডুলিপি চেয়েছেন। কিন্তু কবি কারো কথা রাখতে পারেননি।

ক. 'পাথার' শব্দের অর্থ কী? ১

খ. সে ভুলেনিতো, এসেছে তা ফাগুনে স্মরিয়া'- উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের সবুজ সাহেবের সাথে তাহারেই পড়ে মনে' কবিতার কবির সাদৃশ্য দেখাও। ৩

ঘ. উদ্দীপক ও 'তাহারেই পড়ে মনে' কবিতায় বিষন্নতার সুর স্পষ্ট হয়েছে।"- মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

## গ-বিভাগ - উপন্যাস : (মান - ১০×১ = ১০)

**যে কোন একটি প্রশ্নের উত্তর দাও**

৫। বংশ গৌরব আর রূপলাবণ্য দেখে মায়াকে বিয়ে করে টিপুমোল্লা। কিন্তু বিয়ের পরই টিপুমোল্লা লক্ষ করে তার বিবির ধর্মকর্মে তেমন মনোযোগ নেই। এরপরই মায়ার ওপর নেমে আসে নির্মম অত্যাচার। প্রথমে মানসিকভাবে, পরে শারীরিকভাবে আঘাত করতে শুরু করে টিপুমোল্লা। তাতেও কাজ না হলে সারারাত ঝর-বৃষ্টির মধ্যে তাকে গোয়াল ঘরে বেঁধে রাখে।

ক. 'লালসালু' উপন্যাসের লেখক কে ? ১

খ. "তারা তাই ছোটে"- কেন ? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের মায়া 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের সাথে মিল আছে ? আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকটি 'লালসালু' উপন্যাসের একটি খণ্ডাংশকে ধারণ করেছে, সামগ্রিক চিত্রকে ধারণ করেনি - তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৬। শিবপুর গ্রামের একজন কামেল মৌলভী হিসেবে কালাম মৌলভীর নাম-ডাক চারদিকে ছড়িয়ে পড়ে। তিনি বিভিন্ন রকমের তাবিজ-কবজ, পানি পড়া, তেল পড়া, ঝাড়-ফুক দেন। এতে নাকি বিভিন্ন রোগের উপশম হয়। এই উপকারের পেছনে তার একটা কামনা-লালসা মহিলার উপর পড়ে। এতে করে অনেক মহিলার সংসার ভাঙে।

ক. মজিদের প্রথম স্ত্রীর নাম কী ? ১

খ. বিবি, কারে বিয়া করলাম, তুমি কী বদদোয়া দিছিলা নি ?" মজিদ কথাটি বলছিল কেন ? বুঝিয়ে দাও। ২

গ. উদ্দীপকের কালাম চরিত্রটি 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রটির সাথে সাদৃশ্যপূর্ণ তা আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকের কালাম মৌলভী ও 'লালসালু' উপন্যাসের মজিদ উভয়ই যেন ধর্ম ব্যবসার প্রতিচ্ছবি- উক্তিটি কতটুকু যুক্তিপূর্ণ তা বিশ্লেষণ কর। ৪

## ঘ-বিভাগ - ব্যাকরণ: (মান - ১৫)

৭। যে কোন তিনটি প্রশ্নের উত্তর দাও ৫ × ৩ =১৫

ক. উচ্চারণরীতি কাকে বলে? শব্দের বিশুদ্ধ উচ্চারণের প্রয়োজনীয়তা আলোচনা কর।

খ. 'এ' ধ্বনি উচ্চারণের পাঁচটি উদাহরণ দাও।

গ. উৎস বা উৎপত্তিগত দিক থেকে বাংলা শব্দ কয় প্রকার ও কী কী?

ঘ. বাক্য কাকে বলে? গঠন অনুযায়ী বাক্য কয় প্রকার ও কী কী? উদাহরণসহ আলোচনা কর।

ঙ. "উপসর্গের অর্থবাচকতা নেই, অর্থদ্যোতকতা আছে।" আলোচনা কর।

## ঙ-বিভাগ নির্মিতি: (মান - ১৫)

৮। (ক) শিক্ষা সফরে যাওয়ার অনুমতি প্রার্থনা করে কলেজের অধ্যক্ষের নিকট একটি আবেদন পত্র লিখ। ৭

অথবা,

(খ) কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠানের হিসাবরক্ষকের শূন্য পদে চাকুরি প্রার্থনা করে একখানা আবেদনপত্র রচনা কর।

৯। ভাব-সম্প্রসারণ কর : ৮

(ক) চরিত্র মানবজীবনের মুকুটস্বরূপ

অথবা,

(খ) দুর্নীতি জাতির সকল উন্নতির অন্তরায়